



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (সেভেন-২১), ৮ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

বিষয়ঃ আইসিবি ইউনিট সার্টিফিকেট এর লভ্যাংশপত্র বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

আইসিবি-র ব্যবস্থাস্থানে পরিচালিত 'আইসিবি ইউনিট ফান্ড' এর ২০২৩-২০২৪ অর্থবছর সমাপ্তিতে ৩০ জুন, ২০২৪ তারিখে রেজিস্টারভুক্ত সম্মানিত ইউনিট সার্টিফিকেট ধারকগণের জন্য ইউনিট প্রতি ৩৫.০০ টাকা লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। প্রাপ্য লভ্যাংশ/লভ্যাংশপত্রসমূহ বিতরণ ও গ্রহণের নিমিত্ত নিম্নোক্ত বিষয়াদি (Subject Matter) সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রদত্ত হলোঃ

- সম্মানিত ইউনিট ধারকগণ নিজে বা জঁর মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা অর্পণপত্র (Authorization Letter) সহ ইউনিট ফান্ড ডিপার্টমেন্টের উপরোক্ত কার্যালয় হতে আগামী ২৪.১০.২০২৪ তারিখ হতে ২৪.১১.২০২৪ তারিখ পর্যন্ত সকাল ১১:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে **আবশ্যিকভাবে BEFTN ফরম পূরণপূর্বক জমাদান সাপেক্ষে** হাতে হাতে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- আইসিবি শাখা কার্যালয়সমূহ হতে ক্রয়কৃত ইউনিট ধারকগণ স্ব-স্ব শাখা কার্যালয় হতে **আবশ্যিকভাবে BEFTN ফরম পূরণপূর্বক জমাদান সাপেক্ষে** লভ্যাংশপত্র গ্রহণ করতে পারবেন।
- আইসিবি মনোনীত সংশ্লিষ্ট ব্যাংক ও তাদের শাখা কার্যালয় হতে ক্রয়কৃত ইউনিট সার্টিফিকেট ধারকগণকে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য লিখিত আবেদনপত্রে ব্যাংকের স্ব-স্ব কার্যালয় হতে 'স্বাক্ষর' সত্যায়নপূর্বক আগামী ২৪.১০.২০২৪ তারিখ হতে ২৪.১১.২০২৪ তারিখের মধ্যে আইসিবি ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা হতে লভ্যাংশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- Online System/BEFTN এ আবেদনকৃত ইউনিট ধারকগণের প্রাপ্য লভ্যাংশ স্ব-স্ব ব্যাংক হিসাবে ইতোমধ্যে ২৯.০৯.২০২৪ তারিখে প্রেরণ করা হয়েছে।
- আইসিবি ইউনিট সার্টিফিকেট নগদ লভ্যাংশ গ্রহণকারী এবং সিআইপি স্কীমের আওতাভুক্ত খুচরা (Fractional) লভ্যাংশ গ্রহণকারী ধারকগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে যারা রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে BEFTN ফরম পূরণপূর্বক জমা দেননি তাঁদেরকে **আবশ্যিকভাবে BEFTN ফরম** পূরণ এবং প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে লভ্যাংশপত্র গ্রহণের সময় জমা প্রদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। BEFTN ফরম আইসিবি'র website (www.icb.gov.bd) থেকে Download করা যাবে।

ইসরাত জাহান

সহকারী মহাব্যবস্থাপক

ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

ফোনঃ ৪১০৫০৬০৪, ৪১০৫০৬০৯।

ইমেইল:- agm_ufund@icb.gov.bd

